৭৩

দৈনিক বাংলা

তারিখ ... 19 JUL 1993 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ডীন নির্বাচনে কোন প্যানেলই সব অনুষদে প্রার্থী দিতে পারেনি

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডীন ও সিনেটের শিক্ষক প্রতিনিধি নির্বাচনে ১৫৬টি মনোয়ন পত্র জমা পড়েছে। রোববার ছিল এই নির্বাচনের মনোয়নপত্র জমাদানের শেষ দিন।

এসব মনোনয়নপত্রের মধ্যে ১৬টি জমা পড়েছে বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ডীন পদে এবং ১৪০টি জমা পড়েছে সিনেটের ৩৫ জন শিক্ষক প্রতিনিধি পদে।

মোট ৪টি প্যানেলে বিভক্ত হয়ে বিশ্ব-

(৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## ডীন নির্বাচনে

(প্রথম পৃষ্ঠার পর)

বিদ্যালয়ের এ শিক্ষকরা এবারের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। প্যানেলগুলো হচ্ছে প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ নেতৃত্বাধীন সাদা প্যানেল। এই প্যানেলটি আবার শিক্ষক ফোরাম নামেও শিক্ষকদের মধ্যে পরিচিত। প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন সাদা প্যানেল এবং নীল ও গোলাপী প্যানেল।

৪টি প্যানেল থেকেই সিনেটের ৩৫ জন শিক্ষক প্রতিনিধি পদে প্রার্থী দেয়া হলেও কোন প্যানেলই ৬টি অনুষদে ডীন প্রার্থী দিতে পারেনি।

৪টি প্যানেলের ডীন প্রার্থীরা হচ্ছেন; প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদ নেতৃত্বাধীন সাদা প্যানেল থেকে কলা অনুষদে পি আই মোস্তাফিজুর রহমান, জীববিজ্ঞান অনুষদে প্রফেসর আনোয়ারা বেগম, ও আইন অনুষদে এরশাদুল বারী। এই প্যানেল সামাজিক বিজ্ঞান, বাণিজ্য ও বিজ্ঞান অনুষদে কোন প্রার্থী দেয়নি।

প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন সাদা প্যানেলের প্রার্থীরা হচ্ছেন, কলা অনুষদে প্রফেসর হাসনা বেগম, সামাজিক বিজ্ঞান অনুষদে প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী, বাণিজ্য অনুষদে প্রফেসর মঈন উদ্দিন খান, বিজ্ঞান অনুষদে ডঃ শফি চৌধুরী ও আইন অনুষদে প্রফেসর নূরুল হক। এই প্যানেল জীববিজ্ঞান অনুষদে কোন প্রার্থী দেয়নি।

গোলাপী প্যানেলের প্রার্থীরা হচ্ছেন, কলা অনুষদে প্রফেসর আমিনুল ইসলাম, সামাজিক বিজ্ঞান অনুষদে প্রফেসর মনোয়ার উদ্দিন আহমেদ ও বাণিজ্য অনুষদে এ বি এম খালেদ। এ প্যানেল অন্যান্য অনুষদে প্রার্থী দেয়নি।

নীল প্যানেলের প্রার্থীরা হচ্ছেন, কলা অনুষদে প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান, সামাজিক বিজ্ঞান অনুষদে প্রফেসর জহুরুল হক, বাণিজ্য অনুষদে প্রফেসর আবদুল মান্নান, বিজ্ঞান অনুষদে প্রফেসর মসিহুজ্জামান ও জীব বিজ্ঞান অনুষদে প্রফেসর শাহাদৎ আলী। এই প্যানেল থেকে আইন অনুষদে প্রার্থী দেয়া হয়নি।

আগামী ২০ জুলাই মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। ঐ দিনই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবে।